COMMUNITY

ভূপৃষ্ঠের কোনও স্থানেই উদ্ভিদ বা প্রাণীজগৎ একটি মাত্র প্রজাতি নিয়ে গড়ে ওঠে না। অর্থাৎ কোনও স্থানে একটিমাত্র জীব জনসংখ্যা বিশুদ্ধভাবে অবস্থান করে না। সাধারণত বিভিন্ন জীব জনসংখ্যাগুলি একত্রে একটি জীবগোষ্ঠী হিসাবে অবস্থান করে। কতগুলি জীব জনসংখ্যার সম্মিলনে একটি জীবগোষ্ঠী গড়ে ওঠে। একটি জীবগোষ্ঠীতে যথেষ্ট বিভিন্নতা ও বৈচিত্র্য লক্ষ্য করা যায়। জীবগোষ্ঠীগুলি বিভিন্ন বিস্তৃতি সম্পন্ন হতে পারে। যেমন - একটি পুষ্করিণীর জীবগোষ্ঠী, আবার আমাজন অববাহিকার বৃষ্টি অরণ্যের জীবগোষ্ঠী। জীবের ন্যায় জীবগোষ্ঠীও তার পরিবেশের সঙ্গে অবিরাম ক্রিয়া প্রতিক্রিয়ায় অংশগ্রহণের মাধ্যমে নিজেকে অভিযোজিত করে এবং এইভাবে জীবগোষ্ঠীটি নিজস্ব পরিবেশকে প্রতিফলিত করে থাকে। জীবগোষ্ঠীর অভিযোজন হল এককভাবে প্রতিটি জীবের অভিযোজন সামগ্রিক ফল। কিন্তু সার্বিক দৃষ্টিকোণ থেকে জীবগোষ্ঠীর অভিযোজন অনেক উচ্চ স্তরে। পরিবেশের সঙ্গে সমগ্র জীবগোষ্ঠীর এই অভিযোজন জীবগোষ্ঠীর বাহ্যিক এবং কার্যাবলীকে নিয়ন্ত্রণ করে।

Scanned with CamScanner